দুরালাপনী ঃ +৮৮ ০২৩৩৩৩২৩৮০১-৮০৪
Website: www.cnfctg.org, www.cnfctg.net
E-mail: cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন
# CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং-৫৬/২০২৫ | তারিখঃ০৯/০৯/২০২৫ খ্রি.

**সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, উপ পরিচালকের কার্যালয়, উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র, সমুদ্র বন্দর, চট্টগ্রাম এর পত্র নং- ১২.১১.২০১৫.০৩৯.৪৪.০৫৩.২৫.৭২৯, তারিখঃ ০৮/০৯/২০২৫ খ্রি. সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

মোঃ মিজানুর রহমান
সচিব

---

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**উপ পরিচালকের কার্যালয়**
**উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র**
**সমুদ্র বন্দর, চট্টগ্রাম।**

স্মারক নং- ১২.১১.২০১৫.০৩৯.৪৪.০৫৩.২৫.৭২৯ | তারিখ: ০৮/০৯/২০২৫ খ্রি.

বিষয়: সরকারিভাবে সরবরাহকৃত এ্যালুমিনিয়াম ফসফাইড টেবলেট (ফিউমিগেশন টেবলেট) এর মাধ্যমে ফিউমিগেশন কার্যক্রম সম্পাদন প্রসঙ্গে।

সূত্র: পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ উইং, খামারবাড়ী, ঢাকা এর বরাদ্দ স্মারক নং-১২.০১.০০০০.৫০০.৪২.২০১.২৩/২৯২০/৫(৩), তারিখ: ২৮.০৮.২০২৫ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জ্ঞাতার্থে ও কার্যার্থে আপনাকে/আপনাদেরকে জানানো যাচ্ছে যে, অত্র কার্যালয় কর্তৃক ফিউমিগেশন ট্রিটমেন্ট কার্যক্রম সম্পাদনের জন্য সরকারিভাবে সরবরাহকৃত এ্যালুমিনিয়াম ফসফাইড টেবলেট ইতোমধ্যে অত্র কার্যালয়ে এসে পৌঁছেছে। তৎপ্রেক্ষিতে আগামী ২০/০৯/২০২৫ খ্রি: তারিখ রোজ শনিবার থেকে সরকারিভাবে সরবরাহকৃত এ্যালুমিনিয়াম ফসফাইড টেবলেট (ফিউমিগেশন টেবলেট) এর মাধ্যমে ফিউমিগেশন কার্যক্রম সম্পাদন করা হবে। তাই ফিউমিগেশন কার্যক্রম সম্পাদনের ক্ষেত্রে উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র, সমুদ্র বন্দর, চট্টগ্রাম কার্যালয়ের সাথে যোগাযোগ করত: ফিউমিগেশন কার্যক্রমের জন্য নির্ধারিত ফিস ও সার্ভিস চার্জ উদ্ভিদ সংগনিরোধ উইং এর নির্দিষ্ট কোডে ট্রেজারী চালান/ই-পেমেন্ট এর মাধ্যমে জমা প্রদানের অনুরোধ জানানো হলো।

উল্লেখ্য যে, কোন আমদানিকারক/রপ্তানিকারক/সিএন্ডএফ এজেন্ট যদি অত্র কার্যালয়ের কর্তৃপক্ষের সাথে যোগাযোগ ব্যতিরেকে ফিউমিগেশন কার্যক্রম পরিচালনার জন্য অগ্রিম ট্রেজারি চালান অথবা অনলাইনের মাধ্যমে নির্ধারিত ফিস ও সার্ভিস চার্জ এর টাকা জমা দিয়ে আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হন তার জন্য নিম্নস্বাক্ষরকারীর দপ্তর দায়ী থাকবেনা।

বিষয়টি অতীব জরুরী।

স্বাঃ/
**(ড. মোহাম্মদ শাহ আলম)**
উপ পরিচালক
উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র
সমুদ্র বন্দর, চট্টগ্রাম।
তারিখ: ০৮/০৯/২০২৫ খ্রি.

D:\Circular Letter\Circular-2025.doc